

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখঃ ২১ জ্যৈষ্ঠ, ১৪২২ বঙ্গাব্দ / ০৪ জুন, ২০১৫ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-১২৬-আইন/২০১৫/৭৩২-মুসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২, ধারা ৬(৪) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড মৌসুমী ইটভাটা মূল্য সংযোজন কর বিধিমালা, ২০০৪ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার-

- (১) বিধি ৬ এর উপ-বিধি (১) এর “এবং বিধি ৫ এর উপ-বিধি (২) মোতাবেক নিরূপিত মোট মূল্যের ওপর প্রদেয় মূল্য সংযোজন কর এর বিপরীতে সমপরিমাণ মূল্যের নিঃশর্ত ব্যাংক গ্যারান্টি” শব্দগুলি, সংখ্যাগুলি, চিহ্ন ও বন্ধনী বিলুপ্ত হইবে;
- (২) বিধি ৬ এর পর নিম্নরূপ ৬ক সন্নিবেশিত হইবে, যথা:-
“৬ক।- ইট পোড়ানোর অনুমতির জন্য আবেদনপত্রের সহিত মূল্য সংযোজন কর প্রত্যয়নপত্র দাখিল।- (১) কোন মৌসুমী ইটভাটায় ইট পোড়ানোর জন্য অনুমতির আবেদনপত্রের সহিত সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কার্যালয় কর্তৃক প্রদত্ত মূল্য সংযোজন কর পরিশোধের প্রত্যয়নপত্র দাখিল করিতে হইবে।
(২) উপ-বিধি (১) এর অধীন মূল্য সংযোজন কর পরিশোধের প্রত্যয়নপত্র দাখিল করা না হইলে ইট পোড়ানোর অনুমতি প্রদান করা যাইবে না।”; এবং
- (৩) বিধি ৭ক বিলুপ্ত হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(মোঃ নজিবুর রহমান)

চেয়ারম্যান